



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ফোন: ৫৫০৩০০৫৪, ৫৫০৩০০৬৩, ৫৫০৩০০৬৬, ৫৫০৩০১১৩; ফটোফোন: ১৬১১১৯

Fax: 9131581, E-mail: bsti@bangla.net, Website: http://www.bsti.gov.bd



মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন।

স্মারক নং- ৩৬.০৫.০০০০.৩০২.৫১.৩০১.২৩- / ৩৪০

তারিখ: ০৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

স্বত্বাধিকারী
Nupami BD Ltd.
NB Tower, Level-4,
40/7, Gulshan-2, C/A, Gulshan PS,
Dhaka-1212.


বিষয়: আমদানিকৃত স্যানিটারিওয়ার অ্যাপ্লায়েন্সেস (Basin) পণ্যের অনুকূলে অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠান কর্তৃক এল.সি নং 0133523160038 Date: 16-10-2023, BL No : VLC372213, Date: 30-10-2023, Invoice: NUP-06-10-2023, Date 02-11-2023, Bill Of Entry : C-32736 Date:18-12-2023 মূলে স্পেন হতে আমদানিকৃত ২৮ পিস স্যানিটারিওয়ার অ্যাপ্লায়েন্সেস (Basin), (Brand : Noken) পণ্যের অনুকূলে বিএসটিআই'র ছাড়পত্র গ্রহণের আবেদনের প্রেক্ষিতে আইসিডি কমলাপুর হতে বর্ণিত পণ্যের নমুনা সিল বিএসটিআই'র পরীক্ষণ ল্যাবে বাংলাদেশ মান (বিডিএস ১১৬২:২০১৪) অনুযায়ী পরীক্ষান্তে Water absorption in Percent প্যারামিটারে অকৃতকার্য হওয়ায় স্মারক নং ৩৬.০৫.০০০০.৩০২.৫১.৩০১.২৩.৬৬, তারিখ: ০৪.০১.২৪ অনুযায়ী ছাড়পত্র প্রত্যাহান করা হয়।

২। গত ১১.০১.২০২৪ খ্রি. তারিখে আপনি বর্ণিত চালানের মাধ্যমে আমদানিকৃত Noken ব্র্যান্ডের স্যানিটারিওয়ার অ্যাপ্লায়েন্সেস (Basin) পণ্য উৎপাদনের ক্ষেত্রে Fine Fire Clay (FFC) ব্যবহার করা হয়েছে -মর্মে বর্ণনাসহ আপনার বক্তব্যের স্বপক্ষে রপ্তানিকারক প্রতিষ্ঠান প্রদত্ত প্রমাণক পত্রের সাথে সংযুক্ত করে আমদানিকৃত উক্ত পণ্য বিএসটিআই নির্ধারিত মানের (BDS 1162: 2014) আওতাভুক্ত নয় মর্মে উল্লেখপূর্বক অনাপত্তি পত্র প্রদানের জন্য অনুরোধ করেন।

৩। প্রসংগত উল্লেখ্য, আমদানি নীতি আদেশ ২০২১-২৪ অনুযায়ী স্যানিটারিওয়ার অ্যাপ্লায়েন্সেস পণ্য আমদানি করা হলে কাস্টমস ক্লিয়ারেন্সের পূর্বে বিএসটিআই হতে বাংলাদেশ মান (BDS 1162: 2014) অনুযায়ী পরীক্ষা করে ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। স্যানিটারিওয়ার অ্যাপ্লায়েন্সেস পণ্যের সংশ্লিষ্ট বাংলাদেশ মান BDS 1162:2014 অনুযায়ী স্যানিটারিওয়ার অ্যাপ্লায়েন্সেস পণ্য উৎপাদনের ক্ষেত্রে Vitreous china clays ব্যবহারের বিষয়ে উল্লেখ রয়েছে। স্যানিটারিওয়ার অ্যাপ্লায়েন্সেস পণ্যের মান প্রণয়ন সংক্রান্ত বিএসটিআই'র টেকনিক্যাল উইংয়ের মতামত অনুযায়ী Fine Fire Clay (FFC) দ্বারা উৎপাদিত স্যানিটারিওয়ার অ্যাপ্লায়েন্সেস পণ্য বাংলাদেশ মান (BDS 1162: 2014) এর আওতাভুক্ত নয়।

এমতাবস্থায়, বর্ণিত চালানের মাধ্যমে আমদানিকৃত Noken ব্র্যান্ডের স্যানিটারিওয়ার অ্যাপ্লায়েন্সেস (Basin) পণ্য বাংলাদেশ মান BDS 1162: 2014 এর আওতাভুক্ত না হওয়ায় উক্ত পণ্যের অনুকূলে বিএসটিআই হতে ছাড়পত্র গ্রহণের প্রয়োজন নেই। উল্লেখ্য এই পত্র জারির মাধ্যমে স্মারক নং ৩৬.০৫.০০০০.৩০২.৫১.৩০১.২৩.৬৬/১১৬, তারিখ ০৪ জানুয়ারী, ২০২৪ মূলে জারিকৃত ছাড়পত্র প্রত্যাহান সংক্রান্ত পত্রটি এতদ্বারা বাতিল করা হলো।


(মোঃ নুরুল আমিন)
পরিচালক(সিএম)

অনুলিপি :

১। কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউজ, আইসিডি কমলাপুর।

(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

২। পিএ টু মহাপরিচালক(গ্রেড-১), বিএসটিআই, ঢাকা।

[মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অবগতির জন্য]

